দৈনিক ইত্তেফাক

তারিখ 15 SEP 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ৭ ...

# ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

ইত্তেফাক রিপোর্ট।। আজ (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফল প্রকাশিত হইতেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল সোমবার সকল কেন্দ্র ও কলেজে ফলাফলের বই পৌঁছাইয়াছে। এইবার পরীক্ষার ফলাফল মোটামুটি সন্তোষজনক। বি,এ (পাস) পরীক্ষায় শতকরা ৪২ দশমিক ২০, বি,এস,সি (পাস) পরীক্ষায় ৪৭ দশমিক ৫২, বি, কম পাস পরীক্ষায় ৪৪ দশমিক ৮৮, বি,এ (সাবসিডিয়ারী) পরীক্ষায় ৫৮ দশমিক (২য় পৃঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষার ফল

(১ম পৃঃ পর)

৯০, বি,এস-সি (সাবসিডিয়ারী) পরীক্ষায় ৩৯ দশমিক ৭০, বি,কম (সাবসিডিয়ারী) পরীক্ষায় ২২ দশমিক ৫১, বি, মিউজিক পরীক্ষায় ৬৩ দশমিক ৬৩, বি, এ সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ৪৭ দশমিক ৮৭ ভাগ ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হইয়াছে।

বি,এ (পাস) পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪০ হাজার ৩৪৯। ইহাদের মধ্যে ৪৭জন প্রথম বিভাগে, ৭ হাজার ১১৪ দ্বিতীয় বিভাগে, ১০হাজার ৬৭৩জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। বহিরাগত পরীক্ষার্থী মোঃ মুশতাকুর রহমান বি, এ পরীক্ষায় "প্রথম স্থান (প্রাপ্ত নম্বর ৬৭১),' মীরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরী ইনষ্টিটিউটের ছাত্রী আকিমুন্নেছা দ্বিতীয় স্থান প্রাপ্ত নম্বর ৬৬৯) এবং লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়ের ছাত্রী রুখসানা পারভিন তৃতীয় স্থান (প্রাপ্ত নম্বর ৬৪৩) অধিকার করিয়াছে।

বি,এস,সি (পাস) পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৫ হাজার ৬৮৬। ইহাদের মধ্যে প্রথম বিভাগে ,৭৮,জন, দ্বিতীয় বিভাগে ১ হাজার ৬০৭ জন, তৃতীয় বিভাগে ১ হাজার ১৭ জন উত্তীর্ণ হইয়াছে। বি,এস-সি পরীক্ষায় ইডেন মহিলা কলেজের ছাত্রী বিলকিস জাহান রিমি প্রথম, (প্রাপ্ত নম্বর ৬৬৬) মুড়াপাড়া ডিগ্রী কলেজের ছাত্র শাখাওয়াত হোসেন দ্বিতীয়, (প্রাপ্ত নম্বর ৬৩৭) এবং ইডেন মহিলা কলেজের ছাত্রী হালিমা সাম্মামা তৃতীয় (প্রাপ্ত নম্বর ৬২১) স্থান অধিকার করিয়াছে।

বি, কম (পাস) পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮ হাজার ৯৫৬ জন। ইহাদের মধ্যে ১ জন প্রথম বিভাগে, ১ হাজার ৩২ জন দ্বিতীয় বিভাগে এবং ৪ হাজার ২০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। বি,কম পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ মেধাবী ছাত্রটির নাম খন্দকার মাহমুদুর রহমান। তাহার প্রাপ্ত নম্বর ৬০৫। সে সরকারী তিতুমীর কলেজের ছাত্র।